গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd. যুউঅ.বাংলা

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০২৯.১৯- ১৪৭৫ তারিখঃ ২৪।১০।২০১৯ খ্রিঃ।

বিষয় : নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত ক্রেডিট সুপারভাইজার (গ্রেড-১১), সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩), জুনিয়র প্রশিক্ষক (পোষাক) (গ্রেড-১৪), গাড়ীচালক (গ্রেড-১৫), প্রদর্শক (গ্রেড-১৬), মেকানিক হেলপার (গ্রেড-১৭), মৎস্য সহকারী (গ্রেড-১৮) এর শূন্য পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে 'নিয়োগ বিজ্ঞপ্তি' আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় স্বল্পতম স্থানে ভিতরের পৃষ্ঠায় ০১(এক) দিনের জন্য জরুরী ভিত্তিতে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : নিয়োগ বিজ্ঞপ্তি ০৩(তিন) পাতা।

২৪/১০/১৯
( আ. ন. আহম্মদ আলী )
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-৯৫৫০৮৬৩।

প্রাপক :

১। সম্পাদক
দৈনিক জনকণ্ঠ
জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বক্স : ৩৩৮০, ঢাকা।

২। সম্পাদক
দৈনিক ইত্তেফাক
৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০২৯.১৯- ১৪৭৫ তারিখঃ ২৪।১০।২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সহকারী পরিচালক(ICT), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিটি Web Site-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস কপি।

২৪.১০.২০১৯
( ফারিহা নিশাত )
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোনঃ ৯৫৫০৫৩৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd. যুউঅ.বাংলা

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০২৯.১৯- ২৪৭৪ তারিখঃ ২৪/১০/২০১৯ খ্রিঃ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অন-লাইনে নির্ধারিত ছকে আবেদন আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | ক্রেডিট সুপারভাইজার (গ্রেড-১১) | ১৫০টি | ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ০২ | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০১টি | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। সাঁট লিখন গতি প্রতি মিনিটে ইংরেজী ৮০, বাংলায় ৫০ শব্দ। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার মুদ্রাক্ষর গতি বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ এবং ইংরেজী : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ থাকিতে হইবে। |
| ০৩ | জুনিয়র প্রশিক্ষক (পোষাক) (গ্রেড-১৪) | ০৫টি | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত এবং পোশাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রদানের ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | গাড়ীচালক (গ্রেড-১৫) | ০৭টি | ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | অষ্টম শ্রেণি পাশ। হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫ | প্রদর্শক (গ্রেড-১৬) | ১৪টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ যুব উন্নয়ন অধিদপ্তরের যে কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে গবাদিপশু ও হাঁস-মুরগীপালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক ২(দুই) মাস ১৫(পনের) দিন মেয়াদী কোর্সে "ক" গ্রেডে উত্তীর্ণ। |
| ০৬ | মেকানিক হেলপার (গ্রেড-১৭) | ০২টি | ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হার্ডওয়ার মেইনটেন্যান্স এ প্রশিক্ষণসহ মেকানিক হেলপার হিসেবে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৭ | মৎস্য সহকারী (গ্রেড-১৮) | ০১টি | ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণসহ ২(দুই) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।

১. ৩০/১০/২০১৯খ্রি. তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সকল পদের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এস,আর,ও নং ১৮৩-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০, তারিখ : ৬ই আষাঢ় ১৪১২/২০ শে জুন ২০০৫ অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ তারিখ হতে শুরু হওয়া উন্নয়ন বাজেটভুক্ত সরকার কর্তৃক অনুমোদিত সমাপ্ত প্রকল্পসমূহের জনবলের বয়সসীমা শিথিলযোগ্য।

৩. নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮-২৭৬ তারিখ : ৪ অক্টোবর ২০১৮ অনুযায়ী বিজ্ঞাপিত ক্রেডিট সুপারভাইজার (গ্রেড-১১) এবং সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) পদের ক্ষেত্রে কোন কোটা থাকবে না। বিজ্ঞাপিত অন্যান্য পদ গ্রেড ১৪-১৮ হওয়ায় কোটা পদ্ধতি যথাযথ অনুসরণ করা হবে।

৪. যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ২০১৩ সালে ক্রেডিট সুপারভাইজার পদের নিয়োগ বিজ্ঞপ্তি নং যুউঅ/প্র-৩০/২০১২-১৪৫ তারিখ : ৩১/০১/২০১৩ খ্রি. এ উল্লিখিত ১৬(ষোল) পদ এই নিয়োগ বিজ্ঞপ্তির আওতা বহির্ভূত থাকবে।

৫. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৬. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://dyd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩০/১০/২০১৯খ্রি. সকাল ১০.০০টা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২১/১১/২০১৯খ্রি. বিকাল ০৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID. ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ গ্রেড-১১ থেকে গ্রেড-১৬ পর্যন্ত ১০০/-(একশত) টাকা প্রার্থীদের আবেদন প্রেরণের সার্ভিস চার্জ ১২/-টাকাসহ মোট ১১২(একশত বার)টাকা মাত্র এবং গ্রেড-১৭ থেকে গ্রেড-১৮ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা প্রার্থীদের আবেদন প্রেরণের সার্ভিস চার্জ ৬/-টাকাসহ মোট ৫৬(ছাপান্ন)টাকা মাত্র অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DYD<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DYD ABCDEF

Reply : Applicant's Name, TK 112/56 Will be charged as application fee, Your PIN is 12345678. To pay fee Type DYD <space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS DYD <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DYD YES 12345678

Reply : Congratulations Applicant's Name, Payment completed successfully for DYD application for post xxxxxxxxx User ID is(ABCDEF) and password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dyd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DYD <space> Help <space> User <space> User ID. send to 16222
Example : DYD Help User ABCDEF& send to 16222

(ii) PIN Number জানা থাকলে DYD <space> Help <space> PIN <space> PIN No & send to 16222
Example : DYD Help PIN 12345678 & send to 16222

৭. মৌখিক পরীক্ষার পূর্বে প্রার্থীর যোগ্যতা যাচাই :

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ১-৮) পর্যন্ত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)।

২. প্রার্থীর যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

৩. প্রার্থী সমাপ্ত উন্নয়ন প্রকল্পের হলে প্রকল্পের নিয়োগপত্র এবং উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।

৪. গ্রেড-১৪ থেকে গ্রেড-১৮ পদের ক্ষেত্রে মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমানপত্রের সত্যায়িত ছায়ালিপি।

৫. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ কাউন্সিলার/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৬. গাড়ীচালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

৭. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

৮. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)

৮. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৯. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১০. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটানীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১১. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৪/১০/১৭

( আ. ন. আহ্‌মদ আলী )
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-৯৫৫০৮৬৩।